আজকের কাগজ

17

তারিখ 08 MAR 1992 পৃষ্ঠা ২ কলাম ৮

শিক্ষা মন্ত্রণালয়ের প্রেসনোট

# এইচএসসি পরীক্ষা পেছানোর কোনো পরিকল্পনা নেই

এইচএসসি পরীক্ষা পেছানোর কোনো পরিকল্পনা সরকারের নেই। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে একথা জানানো হয়েছে। খবর বাসস।

প্রেসনোটে বলা হয়, শিক্ষামন্ত্রীর উদ্ধৃতি দিয়ে এইচএসসি পরীক্ষা পেছানোর যে খবর একশ্রেণীর পত্রিকায় প্রকাশিত হয়েছে তা সম্পূর্ণ ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। বস্তুত শিক্ষামন্ত্রী পরীক্ষা পেছানোর কোনো নিশ্চয়তা দেননি।

সরকার মনে করে পরীক্ষা পেছালে গরীব অভিভাবকদের ওপর অর্থনৈতিক চাপ পড়বে এবং সেশনজটের সৃষ্টি হবে। তাছাড়া সরকার মনে করে ২৫ জুন নির্ধারিত এ পরীক্ষায় পরীক্ষার্থীদের প্রস্তুত নেয়ার যথেষ্ট সময় রয়েছে।

সরকার আশা করে পূর্ব নির্ধারিত তারিখে পরীক্ষা অনুষ্ঠিত করার জন্যে সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা করবে।